'ইলেক্ট্রনিক টেন্ডার
ঝুট-ঝামেলা নেই আর'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)
বিপিপিএ ভবন, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

Tel: 48119398, 48119400-01 (Pabx), E-mail: info@bppa.gov.bd; Website: www.bppa.gov.bd

স্মারক নং: ২১.০০.০০০০.৩৬১.০৬.২৮৩.২৩-৫৮৩

তারিখ: ০৫ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
২০ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

## বিজ্ঞপ্তি

**বিষয়: বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ) কর্তৃক পরিচালিত ই-জিপি সিস্টেমের আওতায় জাতীয় ও আন্তর্জাতিক দরপত্র দলিল মুল্য এবং আন্তর্জাতিক দরপত্রদাতাদের রেজিস্ট্রেশন ফি ও নবায়ন ফি পুনর্নির্ধারণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)-এর অধীন বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)-এর পরিচালনা পর্ষদের ১৪/০৫/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভায় বিপিপিএ আইন, ২০২৩ এর ধারা-৯(১১) মোতাবেক জাতীয় ই-জিপি সিস্টেমে জাতীয় ও আন্তর্জাতিক দরপত্র দলিলের ফি, আন্তর্জাতিক দরপত্রদাতাদের রেজিস্ট্রেশন ফি ও নবায়ন ফি নিম্নরূপে পুনর্নির্ধারণ করা হয়েছে:

(ক) জাতীয় দরপত্র দলিলের ফি নিম্নরূপ:

| প্রাক্কলিত মুল্য (টাকা) | বর্তমান ফি (টাকা) | সংশোধিত ফি (টাকা) |
|---|---|---|
| ১০ লাখ পর্যন্ত | ১,০০০.০০ | ৫০০.০০ |
| ২৫ লাখ পর্যন্ত | ১,০০০.০০ | ১,০০০.০০ |
| ৫০ লাখ পর্যন্ত | ১,০০০.০০ | ১,৫০০.০০ |
| ২ কোটি পর্যন্ত | ২,০০০.০০ | ২,৫০০.০০ |
| ১০ কোটি পর্যন্ত | ৪,০০০.০০ | ৪,০০০.০০ |
| ৩০ কোটি পর্যন্ত | ৪,০০০.০০ | ৫,০০০.০০ |
| ৫০ কোটি পর্যন্ত | ৪,০০০.০০ | ৬,০০০.০০ |
| ১০০ কোটি পর্যন্ত | ৪,০০০.০০ | ৭,০০০.০০ |
| ১০০ কোটির উর্ধ্বে | ৪,০০০.০০ | ১০,০০০.০০ |

(খ) আন্তর্জাতিক দরপত্র দলিলের ফি ১২,০০০.০০ টাকা। আন্তর্জাতিক দরপত্রদাতাদের রেজিস্ট্রেশন ফি ১২,০০০.০০ টাকা ও নবায়ন ফি ৫,০০০.০০ টাকা।

০২। এই জাতীয় ও আন্তর্জাতিক দরপত্র দলিলের ফি, আন্তর্জাতিক দরপত্রদাতাদের রেজিস্ট্রেশন ফি ও নবায়ন ফি অবিলম্বে কার্যকর হবে।

০৩। উল্লেখ্য, জাতীয় দরপত্রদাতাদের রেজিস্ট্রেশন ফি ৫,০০০.০০ টাকা ও নবায়ন ফি ২,০০০.০০ টাকা অপরিবর্তিত থাকবে।

২০/০৮/২০২৫

(এস. এম. মঈন উদ্দীন আহম্মেদ)
প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত সচিব)
বিপিপিএ, আইএমইডি
ফোন: ৪৮১১৯৪০০-০১; ৪৮১১৯৩৯৮

**বিতরণ: জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব/সচিব (তাঁর মন্ত্রণালয়/বিভাগের আওতাভুক্ত সকল ক্রয়কারী সংস্থাকে অবহিতকরণের বিনীত অনুরোধসহ) ......................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
৩. সদস্য, পরিকল্পনা কমিশন, ......................................... শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪. চেয়ারম্যান/প্রধান প্রকৌশলী/মহাপরিচালক/সংস্থা প্রধান (সকল টার্গেট এজেন্সি)
বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

<u>অনুলিপি: জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (উপদেষ্টা/বিপিপিএ পরিচালনা পর্ষদের সভাপতি মহোদয়কে সদয় অবহিতকরণের অনুরোধসহ);
২. সচিবের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (সচিব/বিপিপিএ পরিচালনা পর্ষদের সহসভাপতি মহোদয়কে সদয় অবহিতকরণের অনুরোধসহ);
৩. প্রধান নির্বাহী কর্মকর্তার (সিইও) ব্যক্তিগত কর্মকর্তা, বিপিপিএ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭ (প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) মহোদয়কে সদয় অবহিতকরণের জন্য);
৪. অফিস কপি।